৮.	জনাব সবুজ কুমার দাস প্রিন্সিপাল অফিসার আইটি সিস্টেম ডিপার্টমেন্ট ও সদস্য-সচিব, সিটিজেন'স চার্টার সেল	 ০৬.১২.২০২৩



# বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

BANGLADESH DEVELOPMENT BANK LIMITED

(A STATE OWNED COMMERCIAL BANK)

Head Office, Dhaka. Phone-02 9558135, www.bdbl.com.bd



## ব্রাঞ্চ ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং- ১৪.১/ ১৪০১ ৭৩০

ডিসেম্বর ০৪, ২০২৩

অগ্রহায়ণ ১৯, ১৪৩০

জোনাল ম্যানেজার/ম্যানেজার

সকল জোনাল অফিস/ব্রাঞ্চ

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড।

শুধুমাত্র BFTS এ প্রেরিত

বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ২০২৩-২৪ অর্থ বছরের  
২য় ত্রৈমাসিক সভা (অক্টোবর-ডিসেম্বর) আয়োজন প্রসংগে।

প্রিয় মহোদয়,

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ও ব্যাংকের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) অনুযায়ী কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকির জন্য গঠিত পরিবীক্ষণ কমিটির ২০২৩-২৪ অর্থ বছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ২য় ত্রৈমাসিক সভা (অক্টোবর-ডিসেম্বর) আগামী ডিসেম্বর ০৬, ২০২৩ তারিখ রোজ বুধবার বেলা ১১:৩০ ঘটিকায় হেড অফিসের বোর্ড রুমে (লেভেল-৩) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় ব্যাংকের জেনারেল ম্যানেজার, ব্রাঞ্চ ব্যাংকিং ডিভিশন ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি জনাব এ, কে, এম শামছুল ইসলাম সভাপতিত্ব করবেন। উক্ত সভায় ব্যাংকের সকল জোনাল ম্যানেজার, সকল ব্রাঞ্চ ম্যানেজার জুম প্ল্যাটফর্মে (Zoom Platform) সংযুক্ত থাকবেন (মিটিং আইডি-891 4863 6775 ও পাসকোড-2023)।

০২। সকলকে সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হ'ল।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত

স্বাঃ/-

(ফাতেমা খানম)

ডেপুটি জেনারেল ম্যানেজার

ও

সভাপতি, সিটিজেন'স চার্টার সেল

ফোন : ২২৩৩৮৬৩৫৭

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ :

- ১। সভাপতি ও সকল সদস্য, সিটিজেন'স চার্টার সেল, বিডিবিএল, হেড অফিস, ঢাকা।
- ২। সভাপতি ও সকল সদস্য, পরিবীক্ষণ কমিটি, বিডিবিএল, হেড অফিস, ঢাকা।
- ৩। সকল জেনারেল ম্যানেজার, জেনারেল ম্যানেজার মহোদয়ের অফিস, বিডিবিএল, হেড অফিস, ঢাকা।
- ৪। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অফিস, বিডিবিএল, হেড অফিস, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের অফিস, বিডিবিএল, হেড অফিস, ঢাকা।

অনুলিপি :

- ১। ডেপুটি জেনারেল ম্যানেজার, এস্টাবলিশমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস, ঢাকা।  
৮ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।
- ২। ডেপুটি জেনারেল ম্যানেজার, রিয়েল এস্টেট ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস, ঢাকা।  
উক্ত মিটিং আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হ'ল।
- ৩। ডেপুটি জেনারেল ম্যানেজার, আইটি সিস্টেম ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস, ঢাকা।  
উক্ত মিটিং আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

ডেপুটি জেনারেল ম্যানেজার

# Bangladesh Development Bank Limited

BDBL Bhaban-2 (Level-16), 12, Karwan Bazar, Dhaka-1215

## Training Institute

Online Based Training on

"Citizen's Charter (CC)"

Duration: 01 Working Day; Date: 06 December, 2023 (Wednesday)

## Session Schedule

Day	Time	Topic	Guest/Speaker
06 December, 2023 (Wednesday)	02:30	Joining at the Zoom App for the Online Training Course	(All Participants) Meeting ID: 931 9418 2835 Password- bdbl@123
	02:45 – 03:00	Inauguration Ceremony	Mr. Md. Habibur Rahman Gazi Managing Director & CEO Bangladesh Development Bank Ltd.
	03:00 – 03:40	Citizen's Charter (CC)	Mr. Badre Munir Firdaus Joint Secretary Financial Institution Division (FID) Ministry of Finance.
	03:40 – 04:20	-Do-	-Do
	04:20 – 05:00	Open Discussion & Completion of Citizen's Charter (CC).	Mr. A. K. M. Shamsul Islam General Manager Branch Banking Division Bangladesh Development Bank Limited.

**Course Coordinator: Mr. Md. Majbah Uddin Khan, Senior Principal Officer, TI.**



# BANGLADESH DEVELOPMENT BANK LIMITED

BDBL Bhaban-2 (Level-16), 12, Karwan Bazar, Dhaka-1215.

## TRAINING INSTITUTE

Online Based Workshop On "Citizen's Charter (CC)"

Duration: 06 December, 2023; (01 Working Day)

### List of Participants


SL No.	Name of the Officers	Participants ID	Educational Qualification	Present Place of Posting
<b>Deputy General Manager</b>				
1	Mr. Md. Rakeeb Hossain	1925	B.Sc. Engineering (Mechanical), Diploma in Computer Application	Zonal Office Dhaka South
2	Mr. Shaikh Sharafat Islam	2226	B.S.S. (Hons), M.S.S. (Economics)	Zonal Office Dhaka North
3	Mr. Mohammad Ayub Ali	2219	B.Sc. MBA, BDP-1	Zonal Office Khulna
4	Mr. Liton Chandra Mazumder	1322	M. Com. (Accounting), BDP-1&2	Zonal Office Sylhet
5	Mr. Delower Hossain	2232	B.B.A (Hons), M.B.A (Marketing)	Zonal Office Chattogram.
6	Mr. Shankar Kumar Bhoumik	2509	B.S.S. (Hons), M.S.S. (Economics), MBA (Finance & Banking), BDP-1&2	Zonal Office Rajshahi
<b>Senior Principal Officer</b>				
7	Ms. Mariam Ferdous	2319	BSc in Com.Sci & Engg. BDP-1&2	Agrabad Branch
8	Mr. Md. Shahabuddin	2362	BSS (Hons), MSS, BDP-1	BDBL Investment Services Ltd.
9	Mr. Koushik prosad Ghosh	2363	BSc (Hons) Ag., MS, BDP-1&2	Compliance Dept.
10	Mr. Md. Ariful Haque	2374	BA(Hons), MA(English) BDP-1&2	Risk Management Dept.
11	Mr. Gautam Barua Robin	2430	B. Sc. in Electrical & Electronic Engineering, MBA (Management Information System), BDP-1	General Advances Dept.
12	Mr. Ashik Bin Mahbub	2433	B.Sc. in Civil Engineering	Real Estate Dept.
13	Mr. Sayeed Uddin Ahmed	2325	MBA (Fin. & Banking)	Brahmanbaria Branch
14	Mr. Md. Mahafuzul Haque	2331	B.Com. (Hons.) M.B.S (Accounting) BDP-1&2	Principal Branch
15	Mr. Md. Mahbulul Karim Bhuiyan	2333	BSc. Ag.(Hons), MBA, BDP-1&2	Karwanbazar Branch
16	Mr. Md. Roknuzzaman	2334	MSc (Mathematics), MBA, BDP-1	Jhenidah Branch
<b>Principal Officer</b>				
17	Mr. Md. Faruque Hossain	2389	BCom (Hons), MCom (Management), BDP-1&2	Poradaha Branch
18	Mr. Zahirul Islam	2056	B.Sc.(Pass), M.Sc.(Math)	Kanchpur Branch
19	Mr. Supriyo Basu Mozumder	2440	B.B.A (Hons), M.B.A (HRM)	Principal Branch
20	Mr. Md. Manik Hossain	2442	BA (Hons), MA (Islamic Histry & Culture)	Moharajpurhut Branch
21	Mr. Md. Monwar Hossain	2444	BSc(Hons) in Statistics , BDP-1&2	Elephant Road Branch
22	Mr. Abdul Kader	2468	B. Sc. (Hons) Agricultural Science, MBA (Finance), BDP-1	Noakhali Branch
23	Ms. Rozina Parvin	2478	BA (Hons), MA (Applied Linguistics & ELT), BDP-1&2	Khulna Branch
24	Ms. Farzana Naznin	2482	BA(Hons), MA(English), BDP-1	Zonal Office Khulna.
25	Mr. Md. Harun-Or-Rashid	2488	BBS(Hons), MBS(Accounting), BDP-1	Barishal Branch
26	Mr. Shahanaj Alam	2489	BBA, MBA (Finance), BDP-1	Dinajpur Branch



No.	Name of the Officers	Participants ID	Educational Qualification	Present Place of Posting
27	Mr. Md. Raqibul Islam	2493	BBS(Hons), MBS(Accounting), BDP-1	Debt Collection Dept.
<b>Senior Officer</b>				
28	Mr. Nazmus Sakib	2777	M. S. (Entomology)	Rangpur Branch
29	Mr. Md. Masudur Rahman	2789	BBA., MBA (Marketing)	Motijheel Branch
30	Mr. Hasnat Mohammd Tipu	2791	B. Sc. (Computer Science & Engineering)	Cox's Bazar Branch
31	Mr. Md. Mehedi Hasan	2544	BBA (Hons) MBA (Mgt Studies)	Mokamtala Branch
32	Ms. Suria Naznin	2550	BSS (Hons) MSS (Public Administration). BDP-1&2	Mirpur-10 Branch
33	Mr. Rajesh Chandra Das	2553	BBA (Hons), MBA (AIS), BDP-1	Ashuganj Branch
34	Mr. Faisal Ahmed	2559	BSc (Hons), MS (Biotechnology and Genetic Engg)	Saturia Branch
35	Mr. Md. Rakib Sarkar	2810	B. Sc (Hon's), M. Sc (Physics)	Kazir Hat Branch
36	Mr. Md. Abdullah-Al-Akil	2836	B. Sc. (Honours), Master of Science in Mathematics	Keranigonj Branch
37	Mr. Shafee Hasan	2838	B. Sc. in Agricultural Engineering, Master of Science in Irrigation and Water Management	Tangail Branch
38	Mr. Md. Abdullah Al Noman	2695	M. Sc. (Fisheries Technology and Quality Control)	Nabinagar Branch
39	Mr. A. R. M. Jewel Rana	2707	M. S. (Soil Science), BDP-1	Mymensingh Branch
<b>Officer</b>				
40	Mr. Md Zubair Hossain	2714	MBA (Accounting & Information Systems)	Mohadebpur Branch
41	Mr. Md. Niaz Morshed	2720	B. Sc Engineer (Textile Engineering)	Bhola Branch
42	Mr. Md. Rakib Hossain	2721	M. B. A (Human Resource Management)	Hossainpur Branch
43	Mr. Md. Farhad Mia	2723	M. S. S. (Anthropology)	Moulavi Bazar Branch
44	Mr. Md. Al Amin	2727	M. Sc. (Statistics)	Cumilla Branch
45	Mr. Md. Ferojul Islam	2728	B. Sc. (Hon's) Statistics	Rajshahi Branch







বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড  
(বিডিবিএল)

হেড অফিস, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নম্বর: ০৬.১/৮২.৩৭/২০২৩/৭২৬৩(৬)

তারিখ: ৩১ অক্টোবর, ২০২৩  
১৫ কার্তিক, ১৪৩০

স্মারকলিপি

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে হেড অফিস ও প্রতিটি জোনাল অফিসের কর্মকর্তাদের সমন্বয়ে তদারকি টীম গঠন প্রসঙ্গে।**

অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা ও ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিডিবিএল এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দের সমন্বয়ে তদারকি টীম গঠন করা হল:

ক্রঃ নং	কর্মকর্তার নাম, পদবী ও আইডি নম্বর	কর্মস্থল	কমিটিতে অবস্থান
১.	জেনারেল ম্যানেজার	ব্রাঞ্চ ব্যাংকিং ডিভিশন	সভাপতি
২.	ডেপুটি জেনারেল ম্যানেজার	ব্রাঞ্চ ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট	সদস্য
৩.	সকল জোনাল অফিস-এর ২য় জ্যেষ্ঠ কর্মকর্তা	সংশ্লিষ্ট জোনাল অফিস	সদস্য
৪.	জনাব মোঃ সাজেদুর রহমান এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার	এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট	সদস্য (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
৫.	জনাব রিজেন্ট মাহমুদ সানিয়া সিনিয়র প্রিন্সিপাল অফিসার	ব্রাঞ্চ ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট	সদস্য-সচিব (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
৬.	জনাব মো: আসিফুর রহমান সিনিয়র অফিসার	আইটি সিস্টেম ডিপার্টমেন্ট	সদস্য (কার্য সম্পাদনে প্রয়োজনীয় সার্বিক সহায়তা প্রদান করবেন)

**কমিটির কার্যপরিধি (ToR) নিম্নরূপ:**

১. মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রতি অর্থবছরের “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা” ও “ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা” এ উল্লিখিত নির্দেশনাসমূহ পরিপালন নিশ্চিতকরণ;
  ২. মন্ত্রণালয়ের নির্ধারিত নির্দেশনা অনুসারে প্রতিটি জোনাল ও জোনালের আওতাধীন ব্রাঞ্চ অফিসসমূহে প্রতি ত্রৈমাসিক অন্তে সেবা প্রদান প্রতিশ্রুতি তালিকা হালনাগাদপূর্বক সেবাবক্রে উপস্থাপন ও প্রকাশ্যে ব্যানার বা পোস্টার আকারে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ;
  ৩. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে প্রতিটি জোনাল ও জোনালের আওতাধীন ব্রাঞ্চ অফিসসমূহে কর্মরত কর্মকর্তা/ কর্মচারী/স্টেকহোল্ডারগণের সমন্বয়ে প্রশিক্ষণ/সেমিনার /কর্মশালা/ অবহিতকরণ সভা আয়োজন নিশ্চিতকরণ এবং এর প্রতিবেদন প্রস্তুতপূর্বক সংরক্ষণ এবং যথাযথ অফিসে যথাসময়ে প্রেরণ নিশ্চিতকরণ;
  ৪. ব্যাংকের ওয়েবসাইটে হেড অফিস, জোনাল এবং ব্রাঞ্চ অফিস সমূহের প্রদানকৃত সেবার তালিকাসহ প্রয়োজনীয় ডকুমেন্টস/দলিলাদি, সেবাসমূহ প্রদানের জন্য নির্ধারিত সময়সীমা ও মূল্য এবং সেবা গ্রহনার্থে কোন সমস্যা সম্মুখীন হলে কিংবা কোন অভিযোগ থাকলে যোগাযোগের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, মোবাইল নাম্বার ইত্যাদি অন্তর্ভুক্তকরণ নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ;
  ৫. সময়ে সময়ে মন্ত্রণালয়/বাংলাদেশ ব্যাংক/ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক এতদসংক্রান্ত গৃহীত সিদ্ধান্ত/নির্দেশনা পরিপালন।
- ২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,



(সুমিতা মন্ডল)

জেনারেল ম্যানেজার

ফোন: ০২-২২৩৩৯০৩৫০

ই-মেইল: gm\_admin@bdbl.com.bd



# বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি. BANGLADESH DEVELOPMENT BANK PLC.

(A State Owned Commercial Bank)

## Narayanganj Branch

Phone: 02-224433144

www.bdbi.com.bd

Hazi Brothers Center  
(1<sup>ST</sup> Floor), 14 No,  
Shaheed Suhrawardy  
Road, Narayanganj-  
1400. SWIFT:  
BDDBBDDHXXX

### বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী।

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি. এর বিভিন্ন নতুন সেবা চালু হওয়ায় ব্যাংকের নারায়ণগঞ্জ ব্রাঞ্চে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ২৭/১২/২০২৩ তারিখ রোজ বুধবার সকাল ১১.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। আলোচ্য সভায় সভাপতিত্ব করেন ব্যাংকের নারায়ণগঞ্জ ব্রাঞ্চার ম্যানেজার মিসেস মাছুরা সিকদার, এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার। উক্ত সভায় ব্যাংকের ডেপুটি জেনারেল ম্যানেজার, কমপ্রায়স ডিপার্টমেন্ট, হেড অফিস ও সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সদস্য জনাব মোঃ গোলাম হাসনায়েন খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আরও উপস্থিত ছিলেন হেড অফিসের এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্টের এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার জনাব মোঃ সাজেদুর রহমান (ফোকাল পয়েন্ট, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ও তদারকি কমিটি), ব্রাঞ্চে ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টের এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার জনাব মুহাম্মদ শাহনেওয়াজ (ফোকাল পয়েন্ট, সিটিজেন'স চার্টার সেল) এবং অডিট এন্ড ইমপেকশন ডিপার্টমেন্টের সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব মোঃ জাকিরুল হক তালুকদার (সদস্য, সিটিজেন'স চার্টার সেল)। এছাড়া, সভায় ব্রাঞ্চার আমানতকারী, ঋণগ্রহীতাসহ অন্যান্য গ্রাহকবৃন্দ উপস্থিত ছিলেন।

২। ব্রাঞ্চার সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও ২য় কর্মকর্তা জনাব মোঃ ফাহিম উদ্দিন উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভাপতির অনুমোদনক্রমে সভা সূচনা করেন। সভায় উপস্থিত আমদানী-রপ্তানী গ্রাহক ফাতেমা নীটওয়্যার এর মালিক জনাব মোঃ তাজুল ইসলাম ব্যাংকের বিদ্যমান বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত সেবার বিষয়ে সন্তোষ প্রকাশ করেন কিন্তু রপ্তানী কার্যক্রম বৃদ্ধির জন্য জরুরী ভিত্তিতে ব্যাংকে এক্সপোর্ট রিটেনশন কোটা একাউন্ট খোলার জন্য অনুরোধ করেন। ঋণগ্রহীতা জনাব মোঃ আখতারুল ইসলাম ঋণ প্রক্রিয়াকরণ সহজ ও দ্রুততর করায় ব্যাংক ব্যবস্থাপনার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া, সিএমএসএমই ঋণগ্রহীতা জনাব মোঃ আনোয়ারুল হক ও জনাব মোঃ মনির হোসেন ব্রাঞ্চার কর্মকর্তা ও কর্মচারীদের সেবার মান ও আন্তরিকতার প্রশংসা করেন। এরপর সভার প্রধান অতিথি ব্যাংকের ডেপুটি জেনারেল ম্যানেজার জনাব মোঃ গোলাম হাসনায়েন খান ব্যাংকের বর্তমান অবস্থা ও নতুন সেবাসমূহ যেমন : মোবাইল ব্যাংকিং অ্যাপ, ডেবিট কার্ড, কিউ আর কোড স্ক্যানপূর্বক চেক ছাড়া টাকা উত্তোলন ইত্যাদি সম্পর্কে গ্রাহকবৃন্দকে অবহিত করেন এবং এসব সেবা গ্রহণে উদ্বুদ্ধ করেন। তিনি গ্রাহকদের আরও জানান, ব্যাংকের সব ব্রাঞ্চে এখন ই-জিপি, স্টুডেন্ট লোন, অটোমেটেড চালান, সঞ্চয়পত্র বিক্রয়, বিইএফটিএন, আরটিজিএস, Western Union ও Ria Money Transfer এর মাধ্যমে বৈদেশিক রেমিট্যান্স প্রেরণ, অনলাইন ব্যাংকিংসহ আরও অন্যান্য ব্যাংকিং সেবা দেয়া হচ্ছে। তাছাড়া, তিনি উপস্থিত গ্রাহকদের সুবিধা-অসুবিধার কথা শোনে এবং গ্রাহকদের নিকট হতে ব্রাঞ্চার কর্মকর্তা ও কর্মচারীদের আচার-আচরণ ও সেবার মানের প্রশংসা শুনে সন্তুষ্টি প্রকাশ করেন এবং ব্রাঞ্চার কর্মকর্তা ও কর্মচারীদের আন্তরিক ধন্যবাদ জানান। পরিশেষে তিনি ব্রাঞ্চার লাভজনকতার বর্তমান ধারা অব্যাহত রাখার জন্য কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

৩। আলোচ্য সভার সভাপতি নারায়ণগঞ্জ ব্রাঞ্চার ম্যানেজার মিসেস মাছুরা সিকদার তার বক্তব্যের শুরুতে ব্রাঞ্চে সশরীরে উপস্থিত হয়ে মূল্যবান সময় প্রদানের জন্য গ্রাহকদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। ব্রাঞ্চার স্বল্প সুদবাহী ও সুদবিহীন আমানত ও হিসাব সংখ্যা বৃদ্ধি, ঋণ প্রদান এবং বিদ্যমান ব্যাংকিং সেবার বিষয়ে উপস্থিত গ্রাহকদের অবহিত করেন। তিনি আরও জানান যে, ব্যাংকের কোন মূলধন ও প্রতিশন ঘাটতি নেই বিধায় এখানে হিসাবধারীদের আমানত সম্পূর্ণ সুরক্ষিত। অন্যতম রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক হিসেবে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি.-এর প্রতি আস্থা এবং বিশ্বাস রাখার জন্য গ্রাহকদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া, ব্রাঞ্চে এসে কর্মকর্তাদের উৎসাহ প্রদান করায় হেড অফিসের কমপ্রায়স ডিপার্টমেন্টের হেড মহোদয়ের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। পরিশেষে তিনি সভার প্রধান অতিথির অনুমতিক্রমে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নূরুল ইসলাম)  
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

(মোঃ ফাহিম উদ্দিন) ২৭/১২/২৩  
সিনিয়র প্রিন্সিপাল অফিসার  
ও ২য় কর্মকর্তা

(মাছুরা সিকদার)  
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ও  
ম্যানেজার

তারিখ :

ডিসেম্বর ২৭, ২০২৩

পৌষ ১২, ১৪৩০।



## বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি.

হেড অফিস, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নম্বর: ০৬.১/৮৪.০১(ক)/২০২৩/

১১৫(৪)(২০৬)

তারিখ: ১২ পৌষ, ১৪৩০  
২৭ ডিসেম্বর, ২০২৩

## স্মারকলিপি

বিষয়: ব্যাংকের সিটিজেন'স চার্টার অনুযায়ী কার্যক্রম তদারকির লক্ষ্যে গঠিত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন প্রসঙ্গে।

অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা এবং ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক ব্যাংকের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) অনুযায়ী কার্যক্রম তদারকির জন্য ১৯/০৯/২০২৩ তারিখে গঠিত পরিবীক্ষণ কমিটি নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হ'লঃ

ক্রঃ নং	কর্মকর্তার নাম, পদবী ও আইডি নম্বর	কর্মস্থল	কমিটিতে অবস্থান
১.	জেনারেল ম্যানেজার	ব্রাঞ্চ ব্যাংকিং ডিভিশন	সভাপতি
২.	ডিপার্টমেন্ট হেড	কমপ্লায়েন্স ডিপার্টমেন্ট	সদস্য
৩.	জনাব মোঃ সাজেদুর রহমান এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার, আইডি নম্বরঃ ২২৬৪	এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট	সদস্য (ফোকাল পয়েন্ট কর্মকর্তা)
৪.	জনাব রিজেন্ট মাহমুদ সানিয়া সিনিয়র প্রিন্সিপাল অফিসার, আইডি নম্বরঃ ২৪০৪	ব্রাঞ্চ ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট	সদস্য-সচিব (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা)

## পরিবীক্ষণ কমিটির কার্যপরিধি (TOR) নিম্নরূপঃ

- বাংলাদেশ ব্যাংকের ১০/১০/২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১৭ (কপি সংযুক্ত) এ উল্লিখিত নির্দেশনাসমূহ পরিপালন;
  - সিটিজেন চার্টার বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে পঞ্জিকা বছর ভিত্তিতে কর্মপরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণ;
  - কর্মপরিকল্পনা অনুযায়ী গৃহীত কার্যক্রম যথাসময়ে বাস্তবায়িত হচ্ছে কি না তা নিয়মিত বিরতিতে পরিবীক্ষণ ও পরিবীক্ষণের ফলাফল ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন আকারে ব্রাঞ্চ ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট এ প্রেরণ; এবং
  - সময়ে সময়ে মন্ত্রণালয়/বাংলাদেশ ব্যাংক/ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃক গৃহীত সিদ্ধান্ত/নির্দেশনা পরিপালন।
- ২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং এতদসংক্রান্ত বিষয়ে বিগত ১৯/০৯/২০২৩ তারিখে জারিকৃত স্মারকলিপিটি বাতিল বলে গণ্য হবে।

অনুমোদনক্রমে,



(সুমিতা মন্ডল)

জেনারেল ম্যানেজার

ফোন: ০২-২২৩৩৯০৩৫০

ই-মেইল: gm\_admin@bdbl.com.bd

## বিতরণ (শুধু BFTS-এ প্রেরিত):

- কমিটির সভাপতিসহ সংশ্লিষ্ট সদস্যবৃন্দ।
- সকল ডিপার্টমেন্ট/ইনস্টিটিউট/ইউনিট/সাব-সিডিয়ারি কোম্পানি হেড, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি., ঢাকা।
- জোনাল ম্যানেজার ও ম্যানেজার, সকল জোনাল ও ব্রাঞ্চ অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি।
- জেনারেল ম্যানেজারগণের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি., হেড অফিস, ঢাকা।
- উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি., হেড অফিস, ঢাকা।
- ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি., হেড অফিস, ঢাকা।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়ের অফিস, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি., হেড অফিস, ঢাকা।

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি.

হেড অফিস, ঢাকা।

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি

বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২৮.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিত  
২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) সভার কার্যবিবরণী।

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি.-এর সিটিজেন চার্টার অনুযায়ী কার্যক্রম পরিবীক্ষণ করণার্থে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) সভা ২৮.১২.২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ৩:০০ ঘটিকায় ব্যাংকের হেড অফিস ভবনের লেভেল-৪ এ অবস্থিত জেনারেল ম্যানেজার, ব্রাঞ্চ ব্যাংকিং ডিভিশন মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ব্যাংকের ব্রাঞ্চ ব্যাংকিং ডিভিশন এর জেনারেল ম্যানেজার ও সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভাপতি জনাব এ, কে, এম শামছুল ইসলাম সভাপতিত্ব করেন। সভায় কমিটির নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন :

ক্রম নং	কর্মকর্তার নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১.	জনাব এ, কে, এম শামছুল ইসলাম, জেনারেল ম্যানেজার	সভাপতি
২.	জনাব মোঃ গোলাম হাসনায়ন খান, ডেপুটি জেনারেল ম্যানেজার	সদস্য
৩.	জনাব মোঃ সাজেদুর রহমান, এসিসট্যান্ট জেনারেল ম্যানেজার	সদস্য
৪.	জনাব রিজেন্ট মাহমুদ সানিয়া, সিনিয়র প্রিন্সিপাল অফিসার	সদস্য-সচিব

০২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব সভার আলোচ্যসূচী উপস্থাপন করেন। উপস্থাপিত আলোচ্যসূচীতে উল্লিখিত বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনান্তে বিডিবিএল এর সিটিজেন চার্টার অনুযায়ী কার্যক্রম পরিবীক্ষণ করণার্থে গঠিত উক্ত কমিটি কর্তৃক নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :



ক্রম নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি
	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২০২৩-২৪ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি।	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২০২৩-২৪ অর্থ বছরের ২৭/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী 'সিটিজেন'স চার্টার সেল' কর্তৃক ব্যাংকের বিদ্যমান সিটিজেন'স চার্টার ডিসেম্বর' ২০২৩ ত্রৈমাসিকে হালনাগাদ ও ২৭/১২/২০২৩ তারিখে ব্যাংকের নারায়ণগঞ্জ ব্রাঞ্চ পরিবীক্ষণ করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। এছাড়া, ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোল্লিখিত বিষয়াদি বাস্তবায়িত হয় : <ul style="list-style-type: none"> <li>সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক ডিসেম্বর ০৬, ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়।</li> <li>সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ২য় ত্রৈমাসিক সভা (অক্টোবর-ডিসেম্বর, ২০২৩-২৪ অর্থ বছর) 'সিটিজেন'স চার্টার সেল' কর্তৃক ডিসেম্বর ০৬, ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়।</li> <li>ব্যাংকের সিটিজেন'স চার্টার অনুযায়ী কার্যক্রম তদারকির লক্ষ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ডিসেম্বর' ২৭, ২০২৩ তারিখ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠিত হয়।</li> <li>সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ডিসেম্বর' ২৭, ২০২৩ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির তত্ত্বাবধানে 'সিটিজেন'স চার্টার সেল' কর্তৃক নারায়ণগঞ্জ ব্রাঞ্চ অনুষ্ঠিত হয়।</li> <li>ব্যাংকের সিটিজেন'স চার্টার অনুযায়ী কার্যক্রম তদারকির লক্ষ্যে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক অক্টোবর' ৩১, ২০২৩ তারিখ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে তদারকি কমিটি গঠিত হয়।</li> </ul>
	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১.	সেবা প্রদান প্রতিশ্রুতি (ব্যাংকের বিদ্যমান সিটিজেন'স চার্টার)-এর কর্ম পরিকল্পনা (২০২৩-২৪) মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রয়োজনীয় হালনাগাদকরণ।	'সিটিজেন'স চার্টার সেল' কর্তৃক ব্যাংকের বিদ্যমান সিটিজেন'স চার্টারটি ২০২৩-২৪ অর্থ বছরে (জুলাই-জুন) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পাশাপাশি তা ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। সিটিজেন'স চার্টার হালনাগাদ করার বিষয়টি প্রমানকসহ সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটিকে ত্রৈমাসিক ভিত্তিতে অবহিত করতে হবে। সিটিজেন'স চার্টার নিয়মিতভাবে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হ'ল। উল্লেখ্য, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২০২৩-২৪ অর্থ বছরের ২৭/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ব্যাংকের বিদ্যমান সিটিজেন'স চার্টার ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) ভিত্তিতে হালনাগাদের পদক্ষেপ হিসেবে 'সিটিজেন'স চার্টার সেল' কর্তৃক ইতোমধ্যে গত ১২/১২/২০২৩ তারিখ হতে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এর নাম পরিবর্তনপূর্বক 'বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি. করা হয়েছে এবং ব্যাংকের প্রতিটি শাখায় নিরাপত্তা ক্যামেরা স্থাপন করতঃ উক্ত তথ্য অন্তর্ভুক্ত/সংযোজন করার পাশাপাশি হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ব্যাংকের ওয়েবসাইটের সিটিজেন'স চার্টার অংশে আপলোড ও প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে। 'সিটিজেন'স চার্টার সেল' কর্তৃক সিটিজেন'স চার্টার ডিসেম্বর-২০২৩ ভিত্তিক হালনাগাদ করার বিষয়টি প্রমানকসহ পরিবীক্ষণ কমিটিকে অবহিত করা হয়েছে।
		সিদ্ধান্ত বাস্তবায়নকারী
		'সিটিজেন'স চার্টার সেল'

বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২৮.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিত  
২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) সভার কার্যবিবরণী।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
২.	ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ।	৩য় ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ, ২০২৩-২৪ অর্থ বছর), ব্যাংকের সিটিজেন'স চার্টার অনুযায়ী কার্যক্রম পরিচালনার বিষয়টি পরিবীক্ষণের উদ্দেশ্যে 'সিটিজেন'স চার্টার সেল' কর্তৃক ব্যাংকের সিলেট ব্রাঞ্চ পরিবীক্ষণ (সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ) করতে হবে এবং উক্ত পরিবীক্ষণের ফলাফল মার্চ, ২০২৪ ত্রৈমাসিক (২০২৩-২৪ অর্থ বছর, জানুয়ারি-মার্চ) শেষ হওয়ার পূর্বে প্রতিবেদন আকারে প্রকাশ করতে হবে ও উক্ত প্রতিবেদন (ত্রৈমাসিক ভিত্তিতে সিদ্ধান্তনুযায়ী ব্রাঞ্চসমূহের পরিবীক্ষণের ফলাফল) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির নিকট দাখিল করতে হবে। উল্লেখ্য, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) ভিত্তিতে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী 'সিটিজেন'স চার্টার সেল' কর্তৃক ১টি ব্রাঞ্চ (নারায়ণগঞ্জ ব্রাঞ্চ) পরিবীক্ষণ করা হয় এবং পরিবীক্ষণের কার্যবিবরণী ব্যাংকের ওয়েবসাইটে আপলোড ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।	'সিটিজেন'স চার্টার সেল'
৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ২০২৩-২৪ অর্থ বছরে (জুলাই-জুন) ত্রৈমাসিক ভিত্তিতে আলোচ্য ৪ টি সভার আয়োজন করতে হবে। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) ভিত্তিতে উক্ত কমিটি কর্তৃক ২য় সভার আয়োজন সম্পন্ন এবং সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী, সভার নোটিশ, উপস্থিতি, হাজিরা ব্যাংকের ওয়েবসাইটে আপলোড ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।	'সিটিজেন'স চার্টার সেল'
৪.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তা/ কর্মচারীদের জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/সেমিনার আয়োজন।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজন করতে হবে এবং প্রশিক্ষণের প্রমানকসহ সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি/ 'সিটিজেন'স চার্টার সেল' কে অবহিত করতে হবে। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) ভিত্তিতে ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান বিষয়ে ২য় প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা অনুষ্ঠিত হয় এবং সংশ্লিষ্ট অফিস আদেশ/আলোচ্যসূচী প্রশিক্ষণার্থীদের তালিকা/উপস্থিতির হাজিরা ব্যাংকের ওয়েবসাইটে আপলোড ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।	ট্রেনিং ইনস্টিটিউট
৫.	ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকি কমিটি গঠন।	মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪-এর নির্দেশনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকি কমিটি গঠন করতে হবে বিধায় নতুন সদস্য অন্তর্ভুক্ত বা কোন সদস্য বিয়োজন করে ২০২৩-২৪ অর্থ বছরে (জুলাই-জুন) ত্রৈমাসিক ভিত্তিতে আলোচ্য কমিটি পুনর্গঠন করতে হবে। কার্যপরিধি : এ বিভাগের গঠিত তদারকি কমিটি যে কোন সময় আওতাধীন দপ্তর/সংস্থা, বিভাগীয় পর্যায়ের দপ্তর/সংস্থা এবং জেলা/উপজেলা পর্যায়ের অফিসসমূহে সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শন হয়েছে কিনা এ বিষয়ে সশরীরে উপস্থিত হয়ে তদারকি করবে। উপর্যুক্ত বিষয়ে 'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিকল্পনা বাস্তবায়ন তদারকি কমিটি' কর্তৃক সিলেট ব্রাঞ্চ তদারকি করতে হবে এবং তদারকির প্রমানকসহ সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটিকে অবহিতপূর্বক ব্রাঞ্চ ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) ভিত্তিতে উক্ত কমিটি গঠন করা হয়েছে এবং সংশ্লিষ্ট অফিস আদেশ/স্মারকলিপি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।	হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
			'সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিকল্পনা বাস্তবায়ন তদারকি কমিটি'

বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২৮.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিত  
২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) সভার কার্যবিবরণী।


ক্রম নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
৬.	বিবিধ।		
(ক)	সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।	সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির তত্ত্বাবধানে 'সিটিজেন'স চার্টার সেল' কর্তৃক অংশীজনের অংশগ্রহণে ৩টি সভা (কেরাণীগঞ্জ ব্রাঞ্চ, নারায়ণগঞ্জ ব্রাঞ্চ ও সিলেট ব্রাঞ্চ) অনুষ্ঠান করতে হবে এবং সভার প্রমানকসহ সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটিকে অবহিত করতে হবে। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) ভিত্তিতে উক্ত কমিটি কর্তৃক অংশীজনের অংশগ্রহণে ২য় সভার অনুষ্ঠান সম্পন্ন এবং সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী, উপস্থিতির হাজিরা ব্যাংকের ওয়েবসাইটে আপলোড ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হবে।	পরিবীক্ষণ কমিটি ও 'সিটিজেন'স চার্টার সেল'
(খ)	নারায়ণগঞ্জ ব্রাঞ্চে Dollar A/C খোলা।	সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা 'সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি'র তত্ত্বাবধানে 'সিটিজেন'স চার্টার সেল' কর্তৃক ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) ভিত্তিতে অংশীজনের অংশগ্রহণে ২৭/১২/২০২৩ তারিখে ২য় সভা নারায়ণগঞ্জ ব্রাঞ্চে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত আমদানী-রপ্তানী গ্রাহকগণ ব্যাংকের বিদ্যমান বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত সেবার বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। এছাড়া, গ্রাহকগণ অন্যান্য রাষ্ট্রীয় বাণিজ্যিক ব্যাংকের AD শাখার ন্যায় নারায়ণগঞ্জ ব্রাঞ্চে Dollar A/C খোলার জন্য সুযোগ প্রদানের অনুরোধ করেন। নারায়ণগঞ্জ ব্রাঞ্চে Dollar A/C খোলার সুযোগ থেকে থাকলে তা খোলার জন্য ইন্টারন্যাশনাল ব্যাংকিং ডিপার্টমেন্ট কে অনুরোধ করা যেতে পারে।	ইন্টারন্যাশনাল ব্যাংকিং ডিপার্টমেন্ট
(গ)	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন।	মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩-এর নির্দেশনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত কমিটি পুনর্গঠন করতে হবে বিধায় নতুন সদস্য অন্তর্ভুক্ত বা কোন সদস্য বিয়োজন করে ২০২৩-২৪ অর্থ বছরে (জুলাই-জুন) ত্রৈমাসিক ভিত্তিতে আলোচ্য কমিটি পুনর্গঠন করতে হবে। ব্যাংকের বিদ্যমান 'সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি'র সদস্য ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ সাজেদুর রহমান, এসিসট্যান্ট জেনারেল ম্যানেজার ব্যাংকের বগুড়া ব্রাঞ্চে বদলি হওয়ায় তদস্থলে জনাব মোঃ আরিফুল হক, সিনিয়র প্রিন্সিপাল অফিসারকে নতুন সদস্য ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে অন্তর্ভুক্ত করে আলোচ্য কমিটি পুনর্গঠন করতে হবে। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) ভিত্তিতে উক্ত কমিটি পুনর্গঠন হয়েছে এবং সংশ্লিষ্ট অফিস আদেশ/স্মারকলিপি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।	হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
(ঘ)	ব্যাংকের হেড অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি (ব্যাংকের বিদ্যমান সিটিজেন'স চার্টার)- প্রয়োজনীয় হালনাগাদকরণ।	ব্যাংকের হেড অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি (ব্যাংকের বিদ্যমান সিটিজেন'স চার্টার)- প্রয়োজনীয় হালনাগাদকরণপূর্বক দৃষ্টিগোচর স্থানে স্থাপনের ব্যবস্থা গ্রহণ।	'সিটিজেন'স চার্টার সেল'
(ঙ)	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন।	পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত হচ্ছে কি না তা নিয়মিত পর্যালোচনা করবে এবং বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করবে। উল্লেখ্য, ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) ভিত্তিতে উক্ত কমিটি কর্তৃক উক্ত বাস্তবায়ন প্রতিবেদন ব্যাংকের ওয়েবসাইটে আপলোড ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হবে।	পরিবীক্ষণ কমিটি
(চ)	ব্যাংকের বিদ্যমান বিভিন্ন ধরনের ডিপোজিট স্কীমসমূহ গ্রাহকদের নিকট প্রচারনার লক্ষ্যে এর কিস্তির পরিমাণ, সুদের হার, মেয়াদকাল ও মেয়াদপূর্তিতে এককালীন কত টাকা প্রাপ্য হবে তার পূর্ণাঙ্গ তথ্য বিবরণী লিফলেট আকারে ব্রাঞ্চ ও জোনাল অফিসে প্রেরণ করা।	ব্যাংকের বিদ্যমান বিভিন্ন ধরনের ডিপোজিট স্কীমসমূহ গ্রাহকদের নিকট প্রচারনার লক্ষ্যে এর কিস্তির পরিমাণ, সুদের হার, মেয়াদকাল ও মেয়াদপূর্তিতে এককালীন কত টাকা প্রাপ্য হবে তার পূর্ণাঙ্গ তথ্য বিবরণী লিফলেট আকারে ব্রাঞ্চ ও জোনাল অফিসে প্রেরণ করা।	বিজনেস ডেভেলপমেন্ট এন্ড মার্কেটিং ডিপার্টমেন্ট, আইটি সিস্টেম ডিপার্টমেন্ট।




বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২৮.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিত  
২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) সভার কার্যবিবরণী।

০৩। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(রিজেন্ট মাহমুদ সানিয়া)  
সিনিয়র প্রিন্সিপাল অফিসার  
ব্রাঞ্চ ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট  
ও  
সদস্য-সচিব  
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত  
পরিবীক্ষণ কমিটি

  
(মোঃ গোলাম হাসনায়েন খান)  
ডেপুটি জেনারেল ম্যানেজার  
ও ডিপার্টমেন্ট হেড  
কমপ্লায়েন্স ডিপার্টমেন্ট  
এবং  
সদস্য  
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত  
পরিবীক্ষণ কমিটি


  
(এ, কে, এম শামছুল ইসলাম)  
জেনারেল ম্যানেজার  
ব্রাঞ্চ ব্যাংকিং ডিভিশন  
ও  
সভাপতি  
সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত  
পরিবীক্ষণ কমিটি

তারিখ : ঢাকা।  
ডিসেম্বর ২৮, ২০২৩  
পৌষ ১৩, ১৪৩০

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি.

হেড অফিস, ঢাকা।

বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ২৮.১২.২০২৩ তারিখে অনুষ্ঠিত  
২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভার (অক্টোবর-ডিসেম্বর) উপস্থিতি।

ক্র. নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব এ. কে. এম শামছুল ইসলাম জেনারেল ম্যানেজার, ব্রাঞ্চ ব্যাংকিং ডিভিশন ও সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি	
২.	জনাব মোঃ গোলাম হাসনায়েন খান ডেপুটি জেনারেল ম্যানেজার ও ডিপার্টমেন্ট হেড কমপ্লায়েন্স ডিপার্টমেন্ট এবং সদস্য সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি	
৩.	জনাব মোঃ সাজেদুর রহমান এসিসট্যান্ট জেনারেল ম্যানেজার এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট ও সদস্য সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি	
৪.	জনাব রিজেন্ট মাহমুদ সানিয়া সিনিয়র প্রিন্সিপাল অফিসার ব্রাঞ্চ ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট ও সদস্য-সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি	 28.12.23

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি.

হেড অফিস, ঢাকা।

ব্রাঞ্চ ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

নং : ১৪.১/১ (৫০৭)

তারিখ : ডিসেম্বর ২৭, ২০২৩  
পৌষ ১২, ১৪৩০

সভার নোটিশ

ব্যাংকের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) অনুযায়ী কার্যক্রম তদারকির লক্ষ্যে গঠিত পরিবীক্ষণ কমিটির ২০২৩-২৪ অর্থ বছরের ২য় ত্রৈমাসিক সভা (অক্টোবর-ডিসেম্বর) নিম্নে উল্লিখিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠানের বিষয়ে কমিটির সভাপতি মহোদয় সদয় সম্মতি জ্ঞাপন করেছেন :

তারিখ ও দিন	সময়	স্থান
২৮/১২/২০২৩ (রোজ বৃহস্পতিবার)	বেলা ৩.০০ ঘটিকা	হেড অফিসের লেভেল-৪ এ অবস্থিত জেনারেল ম্যানেজার, ব্রাঞ্চ ব্যাংকিং ডিভিশন মহোদয়ের অফিস কক্ষ।

২। উক্ত সভার আলোচ্যসূচী নিম্নরূপ :

ক্রঃ নং	আলোচ্য বিষয়
(১)	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এর কর্ম পরিকল্পনা (২০২৩-২৪) মোতাবেক ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ;
(২)	ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ ;/ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন ;
(৩)	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন ;
(৪)	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন ;
(৫)	ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকি কমিটি গঠন ; এবং
(৬)	বিবিধ।

৩। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সম্মানিত সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিনীতভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

স্বাঃ/-

(রিজেন্ট মাহমুদ সানিয়া)

সিনিয়র প্রিন্সিপাল অফিসার

ও

সদস্য-সচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি

বিতরণ :

১. জেনারেল ম্যানেজার, ব্রাঞ্চ ব্যাংকিং ডিভিশন ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি., হেড অফিস, ঢাকা।
২. ডিপার্টমেন্ট হেড, কমপ্লয়েস ডিপার্টমেন্ট ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি., হেড অফিস, ঢাকা।
৩. জনাব মোঃ সাজেদুর রহমান, এসিসট্যান্ট জেনারেল ম্যানেজার, এমআইএস এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি., হেড অফিস, ঢাকা।
৪. জনাব রিজেন্ট মাহমুদ সানিয়া, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, ব্রাঞ্চ ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট ও সদস্য-সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি., হেড অফিস, ঢাকা।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি :

ডেপুটি জেনারেল ম্যানেজার, এস্টাবলিশমেন্ট এন্ড কমন্স সার্ভিস ডিপার্টমেন্ট, বিডিবিএল, হেড অফিস, ঢাকা। উক্ত সভায় কমিটির ৪ (চার) জন সদস্যের হাক্বা আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

২৮/১২/২৩

২৮/১২/২৩

Rizwanul

সদস্য-সচিব

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি